## ইয়েমেনে অবস্থিত ভারতীয়দের জন্য পরামর্শ

ইয়েমেনের লাগাতার সংঘর্ষ এবং অনিশ্চিত নিরাপত্তাজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে নতুন কোনো ঘোষণা না করা পর্যন্ত ইয়েমেন সফর না করার জন্য পরামর্শ দেওয়া হচছে।

ইয়েমেনে অবস্থিত ভারতীয় নাগরিকদের পরামর্শ দেওয়া হচছে তাঁরা যেন সংঘর্ষ কবলিত এলাকা এড়িয়ে চলেন এবং প্রয়োজনীয় পরামর্শ নেওয়ার জন্য সানায় ভারতীয় দূতাবাসের সংগে যোগাযোগ রাখতে বলা হচছে ও উদ্ভুত নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে অবগত হতে বলা  হচছে। যদি নিরাপদ মনে করেন তাহলে ভারতীয় নাগরিকরা স্বেচছায় নিজ উপায়ে ইয়েমেন ত্যাগ করতে পারেন। যেসব নাগরিকদের কাছে প্রয়োজনীয় ভ্রমণ সংকরান্ত দলিল নেই বা অন্য কোনো কনস্যুলার পরিষেবা নিতে চান তাহলে তাঁরা সানার ভারতীয় দুতাবাসের সংগে যোগাযোগ করে সাহায্য চাইতে   পারেন।

সানার ভাবতীয় দুতাবাস ইতিমধ্যেই একটি হেল্পলাইন স্থাপন করেছে এবং নিম্নলিখিত নাম্বারে যোগাযোগ করা যেতে পারে ---

Tel Number- 00-967-734 000 658 (Mr. Dilbag Singh)
00-967-734 000 657 (Mr. Ram Charan)

E-mail: hoc@eoisanaa.org

Website: www.eoisanaa.org

**Indian Embassy:**

Tel: 00-9671-433631/00-9671-433632

Fax: 00-9671-433630

**নয়াদিল্লি**

**২১ জানুয়ারি ২০১৫**

.